৫৬

দৈনিক ইত্তেফাক

তারিখ FEB: 25 1999
পৃষ্ঠা ৭২ কলাম ৭

# প্রফেসর শামসুল হক শিক্ষানীতি বাস্তবায়নের দাবী

চট্টগ্রাম অফিস ॥ দেশ ও জাতির বৃহত্তর কল্যাণে দক্ষ মানব সম্পদ গড়িয়া তোলার প্রয়োজনে প্রফেসর শামসুল হক শিক্ষানীতি প্রণয়ন কমিটির সুপারিশ অবিলম্বে বাস্তবায়নের জন্য বাংলাদেশ শিক্ষক সমিতি সরকারের প্রতি আহ্বান জানাইয়াছে। গত শুক্রবার সমিতির উত্তর জেলা শাখা আয়োজিত দিনব্যাপী শিক্ষক কর্মশালায় নেতৃবৃন্দ এ আহ্বান জানান। কর্মশালার সকাল ও বিকালের অধিবেশনে সভাপতিত্ব করেন যথাক্রমে আবুল বশর ও প্রিয়তোষ নাথ। দুই অধিবেশনে ৪টি প্রবন্ধ উপস্থাপন এবং প্রশ্নোত্তর ও আলোচনা অনুষ্ঠিত হয়। কর্মশালার উদ্বোধন করেন বাশিস উত্তর জেলা সভাপতি সৈয়দ আহমদ। জাতীয় শিক্ষার বিকাশ, শিক্ষক সমাজের অধিকার ও দায়িত্ব এবং কর্মশালার লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে বক্তব্য রাখেন বীর সিন্ধু বড়ুয়া, নুরুল আবছার, বাদল শিকদার, সুনীল চক্রবর্তী, আবদুল ওহাব চৌধুরী, প্রশান্ত বড়ুয়া প্রমুখ।

## শহীদদের মত জীবন উৎসর্গের মানসিকতা সৃষ্টির আহ্বান

চট্টগ্রাম অফিস ॥ ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের উদ্যোগে মহান ভাষা দিবস উপলক্ষে আয়োজিত এক সভায় বক্তারা বলেন, মধ্যযুগে বাংলা ভাষাকে দেবদেবীর বন্দনার বাহন হইতে মুক্ত করিয়া মনুষ্যত্ববোধে উজ্জীবিত ভাষা হিসাবে প্রতিষ্ঠিত করে এদেশের বৃহত্তর জনগোষ্ঠী মুসলমান। ভাষা আন্দোলনের প্রকৃত ইতিহাস জানার জন্য তাঁহারা ছাত্র-ছাত্রীদের প্রতি আহ্বান জানান এবং যে কোন অন্যায়-অবিচার-জুলুম প্রতিহত করার জন্য ভাষা আন্দোলনের শহীদদের ন্যায় জীবন উৎসর্গ করার মন মানসিকতা সৃষ্টির আহ্বান জানান। গত শনিবার বিশ্ববিদ্যালয় মিলনায়তনে ভাইস চ্যান্সেলর প্রফেসর মোহাম্মদ আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় আলহাজ্ব মোহাম্মদ বদিউল আলম, আজম ওবায়েদুল্লাহ, এনায়েত উল্লাহ পাটওয়ারী, ইমদাদুল হক, গোলাম মহিউদ্দিন প্রমুখ বক্তৃতা করেন। সভায় ভাষা শহীদদের অমর আত্মার মাগফেরাত কামনা করিয়া মোনাজাত করা হয়।